# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

www.bscic.gov.bd

মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

স্মারক নং: ৩৬.০২.০০০০.০০৩.১১.০৪২.২০২২/৩০৫৩

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ / ০২ আগস্ট ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের (বিসিক) রাজস্বখাতের নিম্নবর্ণিত শূন্যপদসমূহে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bscic.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা হলো।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|---|
| ০১। | প্রোগ্রামার (Programmer) টাকা-৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬) (পদের প্রকৃতি: অস্থায়ী) | ১ | ৩৫ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০২। | সম্প্রসারণ কর্মকর্তা (Extension Officer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১৫ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণির বি.এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রী সঙ্গতিপূর্ণ হতে হবে। | |
| ০৩। | প্রমোশন কর্মকর্তা (Promotion Officer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: স্থায়ী) | ৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রী অথবা ২য় শ্রেণির বি.এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে। কাজের প্রকৃতি/পদ অনুযায়ী ডিগ্রী সঙ্গতিপূর্ণ হতে হবে। | |
| ০৪। | বাজেট অফিসার (Budget Officer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রী থাকতে হবে। | |
| ০৫। | নিরীক্ষা কর্মকর্তা (Audit Officer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | হিসাব বিজ্ঞান/ব্যাংকিং/ফাইন্যান্স/ব্যবসা প্রশাসন/অর্থনীতি/পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রী থাকতে হবে। | |
| ০৬। | ঊর্ধ্বতন নকশাবিদ (Senior Designer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: স্থায়ী) | ২ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | ফাইন আর্টসে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী থাকতে হবে। | |
| ০৭। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (Assistant Maintenance Engineer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: অস্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। | |
| ০৮। | সহকারী প্রোগ্রামার (Assistant Programmer) টাকা-২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) (পদের প্রকৃতি: অস্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। | |
| ০৯। | কারিগরি কর্মকর্তা (Technical Officer) টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) (পদের প্রকৃতি: স্থায়ী) | ৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ হতে হবে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | নকশাবিদ (Designer) টাকা-১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) (পদের প্রকৃতি: স্থায়ী) | ২ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী থাকতে হবে। | |
| ১১। | কম্পিউটার অপারেটর (Computer Operator) টাকা-১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) (পদের প্রকৃতি: অস্থায়ী) | ৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ১২। | ক্যাশিয়ার (Cashier) টাকা-১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | বাণিজ্য বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন অন্যান্য বিষয়ে স্নাতক ডিগ্রীধারীদেরকেও বিবেচনা করা যেতে পারে। | পাবনা, কুমিল্লা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১৩। | ড্রাফটসম্যান (Draftsman) টাকা-১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ হতে হবে। | |
| ১৪। | করণিক-তথা-কম্পিউটার মুদ্রাক্ষরিক (Clerk-Cum-Computer Typist) টাকা-৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | প্রতি মিনিটে ইংরেজি মুদ্রাক্ষরে ৩০ শব্দ ও বাংলায় ২০ শব্দ গতিসহ কমপক্ষে এইচ.এস.সি. পাশ হতে হবে। মুদ্রাক্ষরে প্রয়োজনীয় গতিবেগ থাকলে বিভাগীয় প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. পর্যন্ত শিথিলযোগ্য। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, মাগুরা, বাগেরহাট, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠী, বরগুনা, পটুয়াখালী। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১৫। | প্রধান বাবুর্চি (Head Cook) টাকা-৮,৮০০-২১,৩১০/- (গ্রেড-১৮) (পদের প্রকৃতি: স্থায়ী) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | উন্নতমানের রান্না করার কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণি পাশ হতে হবে। | |
| ১৬। | ফিল্ড স্টাফ (Field Staff) টাকা-৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) (পদের প্রকৃতি: স্থায়ী) (বিসিকের নকশা কেন্দ্রের জন্য) | ১ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কমপক্ষে ৮ম শ্রেণি পাশসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | নরসিংদী। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭। | টেকনিক্যাল হেলপার<br>(Technical Helper)<br>টাকা-৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড-২০)<br>(পদের প্রকৃতি: স্থায়ী)<br>(বিসিকের নকশা কেন্দ্রের জন্য) | ৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর পর্যন্ত | কমপক্ষে ৮ম শ্রেণি পাশ হতে হবে। অভিজ্ঞতা/প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে। | গাজীপুর, মুন্সিগঞ্জ, গাইবান্ধা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| | মোট | ৬৬ | | | |

| আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে: | |
|---|---|
| ০১। | বিসিকের কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ১৯৮৯ ও শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারি আইন ও বিধি অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। |
| ০২। | উপরিউক্ত কলাম ০৫ এ প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার Equivalent GPA/CGPA গ্রহণযোগ্য হবে। অধিকন্তু, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত অন্যান্য আইন ও বিধি প্রতিপালন করা হবে। |
| ০৩। | ক) সম্প্রসারণ কর্মকর্তার কার্যাবলী: শিল্পের প্রাক-বিনিয়োগ ও বিনিয়োগোত্তর পরামর্শ প্রদান; সরকারি নির্দেশনার আলোকে প্লট গ্রহীতাকে ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান, রুগ্ন, নিষ্ক্রিয় এবং বন্ধ শিল্প প্রতিষ্ঠান চালু করার বিষয়ে সংশ্লিষ্ট মালিকদেরকে কারিগরি ও সাধারণ পরামর্শ প্রদান; বরাদ্দ পত্রের শর্ত লঙ্ঘন করলে সে সমস্ত প্রতিষ্ঠান/কারখানার প্লট বাতিলের বিষয়ে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় উপস্থাপন; শিল্পনগরীতে রাস্তাঘাট, ড্রেন-কালভার্ট, পানির পাম্প এবং পানির লাইন, গ্যাস সংযোগ, বিদ্যুৎ সংযোগ সংশ্লিষ্ট নির্মাণ, পুনঃনির্মাণ, সম্প্রসারণ, সংস্কারকরণে কারিগরি সকল সহযোগিতা প্রদান, প্রয়োজনে শিল্প কারখানার লে-আউট প্ল্যান প্রণয়ন, চামড়া শিল্পনগরীতে ইটিপি ও সিটিপি রক্ষণাবেক্ষণ এবং আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী ইটিপি ও সিটিপির মাধ্যমে তরল বর্জ্য নিষ্কাশন তদারকি; চামড়া শিল্পনগরীর পরিবেশ দূষণ ও তরল বর্জ্য সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত, পরিবেশবান্ধব শিল্পায়ন নিশ্চিতকল্পে শিল্পনগরীর কারখানাসমূহের তরল বর্জ্যের রাসায়নিক নিয়ন্ত্রণ ও পরিশোধন তদারকি, প্রশিক্ষণ কর্মসূচির সম্ভাব্যতা যাচাই করে উদ্যোক্তাদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>খ) প্রমোশন কর্মকর্তার কার্যাবলী: শিল্পের প্রাক-বিনিয়োগ ও বিনিয়োগোত্তর পরামর্শ প্রদান; শিল্পের খাত, সাংগঠনিক কাঠামো; নাম ও মালিকানা পরিবর্তন ইত্যাদি বিষয়ে শিল্প মালিকদের আবেদন বিবেচনার জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন; শিল্প এলাকায় সম্ভাব্য উদ্যোক্তাদের খুঁজে বের করা; সাধারণ এবং ঐতিহ্যবাহী পণ্যের উদ্যোক্তা চিহ্নিতকরণ; প্রকল্প প্রতিবেদন ও প্রজেক্ট প্রোফাইল তৈরি; নিবন্ধনের উদ্দেশ্যে শিল্প ইউনিট/প্রতিষ্ঠান পরিদর্শন; কারিগর/উৎপাদকদের ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান, শিল্প উদ্যোক্তাদের বিপণন সহায়তা প্রদান; ; শিল্পনগরীতে রাস্তাঘাট, ড্রেন-কালভার্ট, পানির পাম্প এবং পানির লাইন, গ্যাস সংযোগ, বিদ্যুৎ সংযোগ সংশ্লিষ্ট নির্মাণ, পুনঃনির্মাণ, সম্প্রসারণ, সংস্কারকরণে কারিগরি সকল সহযোগিতা প্রদান, প্রয়োজনে শিল্প কারখানার লে-আউট প্ল্যান প্রণয়ন করবেন, চামড়া শিল্পনগরীতে ইটিপি ও সিটিপি রক্ষণাবেক্ষণ এবং আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী ইটিপি ও সিটিপির মাধ্যমে তরল বর্জ্য নিষ্কাশন তদারকি; চামড়া শিল্পনগরীর পরিবেশ দূষণ ও তরল বর্জ্য সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত, পরিবেশবান্ধব শিল্পায়ন নিশ্চিতকল্পে শিল্পনগরীর কারখানাসমূহের তরল বর্জ্যের রাসায়নিক নিয়ন্ত্রণ ও পরিশোধন তদারকি প্রশাসনিক কাজে কর্মকর্তা এবং কর্মচারীদের মাঝে সমন্বয় রক্ষা করা।<br>গ) কারিগরি কর্মকর্তা ও ড্রাফটসম্যানের কার্যাবলী: বিসিকের শিল্পনগরীতে শিল্প কারখানার লে-আউট প্ল্যান প্রণয়নে কারিগরি সহযোগিতা প্রদান, নির্মাণাধীন শিল্প কারখানা অনুমোদিত লে-আউট প্ল্যান অনুযায়ী স্থাপিত হচ্ছে কিনা তা নিশ্চিতকরণ; নির্মিত ভবন সম্প্রসারণে লে-আউট প্ল্যান, বিল্ডিং কোডের সকল শর্ত পালন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণ করার ক্ষেত্রে সহযোগিতা এবং শিল্পনগরীতে রাস্তাঘাট, ড্রেন-কালভার্ট, পানির পাম্প, পানির লাইন, গ্যাস সংযোগ, বিদ্যুৎ সংযোগ নতুন নির্মাণ, পুনঃনির্মাণ, সম্প্রসারণ, সংস্কারকরণে কারিগরি সকল সহযোগিতা প্রদান। কারিগরি কর্মকর্তা ও ড্রাফটসম্যান পদে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) প্রধান বাবুর্চি পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। |
| ০৪। | বয়স (০১-০৮-২০২২ খ্রি. তারিখ)<br>ক) ০১ নং হতে ১১ নং ক্রমিকের পদসমূহের জন্য কলাম-৪ এ উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে।<br>খ) ১২ নং হতে ১৭ নং ক্রমিকের পদসমূহের জন্য বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের সময়সীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) ক্ষেত্রে আবেদনের বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।<br>গ) বিজ্ঞাপিত পদের ০১, ০৭, ০৮ ও ১১ নং ক্রমিকে বর্ণিত পদের সর্বোচ্চ বয়সসীমা, নিয়োগ পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতার ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হবে। |
| ০৫। | প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা অথবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে অথবা অন্য কোনো কোটায় আবেদন করতে হলে Online এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে। |
| ০৬। | জাতীয়তা<br>ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। লিঙ্গ নির্বিশেষে বাংলাদেশের যে কোন নাগরিক আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।<br>খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।<br>গ) কোন প্রার্থী সরকারের অনুমতি সাপেক্ষে বিদেশি নাগরিককে বিবাহ করলে সরকার কর্তৃক প্রদত্ত বিবাহের অনুমতিপত্রের অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) Applicant's Copy-এর সঙ্গে বিসিক প্রধান কার্যালয়ে অবশ্যই জমা দিতে হবে। |
| ০৭ | ডিক্লারেশন<br>প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে নিয়োগ পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং বিসিক কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। Applicant's Copy-এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রার্থী লিখিত পরীক্ষার জন্য http://bscic.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করবেন। পরবর্তীতে, উপরিউক্ত কোনরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে অনলাইন আবেদনপত্রে (Applicant's Copy) প্রদত্ত প্রতিটি তথ্যের সপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর বিসিক কর্তৃক নির্ধারিত সময়ে এই বিজ্ঞাপনের ০৭ (সাত) নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত Applicant's Copy এর অনুলিপিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি সচিব, বিসিক, বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ করতে হবে। কোন প্রার্থী অনলাইনে Applicant's Copy এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা কোন পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদনপত্র ভুলভাবে পূরণ করলে বা কোন অযোগ্যতা বা কোন Substantive ত্রুটি ধরা পড়লে যে কোন পর্যায়ে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। |

০৮। **আবেদন করার পদ্ধতি**

ক) আগ্রহী প্রার্থীগণ **http://bscic.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ: ০৮/০৮/২০২২ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

ii) Online এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ: ০৮/০৯/২০২২ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Applicant's Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে; নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। প্রার্থী উক্ত Applicant's copy প্রিন্ট বা ডাউনলোড করে পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। Applicant's copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০০/-(এক হাজার) টাকা, ২ হতে ০৯ নং ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য ৭০০/-(সাতশত) টাকা, ১০ হতে ১৪ নং ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা ও ১৫ হতে ১৭ নং ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য ৩০০/-(তিনশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোনভাবেই গৃহীত হবে না।

**ফি জমা দেওয়ার পদ্ধতি**

প্রথম SMS: BSCIC<Space>User ID & send to 16222

Example: BSCIC ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK 1000/700/500/300 will be charged as application fee. Your PIN is 1234567. To pay fee type 1000/700/500/300<space>Yes<space>PIN & send to 16222

দ্বিতীয় SMS: BSCIC<space> Yes<space> PIN & send to 16222

Example: BSCIC Yes 12345678 & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment Completed successfully for XXXX your User ID is (ABCDEF) and Password (XXXXX).

উল্লেখ্য, ফি প্রদানের পর প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত তার নিজস্ব মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID ও Password পাবেন।

ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bscic.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS এর মাধ্যমে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধু Teletalk Prepaid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত পদ্ধতিতে SMS এর মাধ্যমে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

For lost password:

i. User ID জানা থাকলে BSCIC<space>Help<space>User<space>User ID & send to 16222

Example: BSCIC HELP USER ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে BSCIC<space>Help<space>PIN<space>PIN No & send to 16222

Example: BSCIC HELP PIN 12345678 & send to 16222

জ) বিসিক নিয়োগ পরীক্ষা-২০২২ এর বিজ্ঞপ্তি, Online- এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য **www.bscic.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ঝ) প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে উল্লিখিত তথ্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র/তথ্য বিসিক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সচিব, বিসিক, বিসিক ভবন, ১৩৭/১, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ করতে হবে। Applicant's Copy সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্য পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। দাখিলকৃত কাগজপত্র/তথ্যার সঠিকতা যাচাই সাপেক্ষে যোগ্য প্রার্থীকে মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য SMS প্রেরণ করা হবে।

ঞ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

ট) বয়স প্রমাণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদ দাখিল করতে হবে এবং 'ও' লেভেল এবং 'এ' লেভেল সম্পন্ন করা প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ দাখিল করতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

ঠ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৯ (নয়) নং ক্রমিকে উল্লিখিত কাগজপত্রাদি সচিব, বিসিক, বিসিক ভবন, ১৩৭/১, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ করতে হবে।

০৯। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নলিখিত কাগজপত্র (মূল ও সত্যায়িত কপি-০১ সেট) মৌখিক পরীক্ষার সময় দাখিল করবেন।

১. ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত রঙিন ছবি;

২. শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদের সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানের অপারগ হলে সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি গৃহীত হবে।

৩. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪. অভিজ্ঞতার সনদের মূল কপি ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৫. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

| | |
|---|---|
| | ৬. ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;<br>৭. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;<br>৮. প্রবেশপত্রের অনুলিপি;<br>৯. Applicant's Copy এর অনুলিপি;<br>১০. www.bscic.gov.bd ওয়েবসাইট থেকে প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম ০২ (দুই) সেট (পুলিশ ভেরিফিকেশন ফরম) ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক জমাদান করতে হবে;<br>১১. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে (প্রযোজ্য ক্ষেত্রে) মুক্তিযোদ্ধা, আনসার, ভিডিপি, এতিম, প্রতিবন্ধী, উপজাতীয় প্রভৃতি কোটার স্বপক্ষে অবশ্যই উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে প্রাসঙ্গিক কাগজপত্রাদি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যাচাইপূর্বক নিয়োগপত্র জারি করা হবে;<br>১২. প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি;<br>১৩. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>১৪. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র। |
| ১০। | বিসিকের কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ১৯৮৯ অনুযায়ী সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিরা ছয় মাসের জন্য শিক্ষানবিশ থাকবেন। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করতে পারবেন। কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিশি মেয়াদ সমাপ্ত করে থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করে থাকেন। |
| ১১। | প্রার্থীকে লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ১২। | স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। |
| ১৩। | কর্তৃপক্ষ প্রয়োজনে পদ সংখ্যা কম/বেশি নির্ধারণের অধিকার সংরক্ষণ করেন। |
| ১৪। | আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৫। | একজন প্রার্থীকে সমমানের একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই। আবেদনের যোগ্যতা ও অভিজ্ঞতা একই হলে সমমানের অন্যান্য পদের জন্যও প্রার্থীর আবেদনপত্র বিবেচনা করা হবে। |
| ১৬। | অনলাইন পদ্ধতিতে নিয়োগের আবেদন ফরম পূরণকালে কোন কোটায় আবেদন করা হয়েছে তা সুস্পষ্টভাবে ঘোষণা থাকতে হবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। |
| ১৭ | উপরিউক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদন গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| ১৮ | নিয়োগের ক্ষেত্রে সরকারের আইন/বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য আইন/বিধি অনুসরণ করা হবে। |

2/5/2022

সচিব
বিসিক, ঢাকা।